

--: বিজ্ঞপ্তি :--

তারিখ-০৯/০৮/২১

এতদ্বারা বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, আগামী ১৫ই আগস্ট, ২০২১ (রবিবার) স্বাধীনতার ৭৫ বৎসর যথেষ্ট সম্মান ও শ্রদ্ধার সহিত উদ্‌যাপন করা হবে। এই উপলক্ষে বিদ্যালয়ে সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। একটি বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে অনুষ্ঠানটির শুভ সূচনা করা হবে। কোভিড স্বাস্থ্যবিধি মেনে এইদিন সকাল ৮ টায় সমস্ত ছাত্রছাত্রীদের বিদ্যালয় প্রাঙ্গণে উপস্থিত থাকতে বলা হচ্ছে।

প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীরা যেন ১৪/০৮/২১ (শনিবার) তারিখের মধ্যে বিদ্যালয়ে দায়িত্বপ্রাপ্ত শিক্ষক নির্মল চন্দ্র সাউ, সোমনাথ সাউ, দীপক বর্মণ এবং স্বপন রানা মহাশয়ের নিকট নিম্নলিখিত বিষয় অনুযায়ী নাম নথিভুক্ত করে।

--: প্রতিযোগিতার বিষয় :-

(একজন প্রতিযোগী সর্বাধিক ২ টি বিষয়ে অংশগ্রহণ করতে পারবে)

১. প্রবন্ধ :- (বাড়িতে বসে লিখবে ও ১৪/০৮/২১ তারিখের মধ্যে বিদ্যালয়ে জমা দিবে।)

ক -বিভাগ:(৫ম - ৮ম শ্রেণী)

ভারত আমার ভারতবর্ষ (সর্বাধিক ২৫০ শব্দ)

খ -বিভাগ:- (৯ম - ১২শ শ্রেণী)

"ভারত আবার জগৎ সভায় শ্রেষ্ঠ আসন লবে"----- একি নিছক কল্পনা ??

(সর্বাধিক ৪০০/৪০০ শব্দ)

২. অঙ্কন :- (৫ম - ১২শ শ্রেণী) : ১৫/০৮/২১
তারিখ, সকাল ১০ টা, সময় ৪৫ মিনিট

গৌরবময় ভারতবর্ষ (রঙিন ছবি আঁকতে হবে ও আঁকার সরঞ্জাম নিজেকে নিয়ে আসতে হবে)।

৩. ছদ্মবেশ :- (৫ম - ১২শ শ্রেণী) :

১৫/০৮/২১ তারিখ, সকাল ৯ টা

ভারতের মনীষী

৪. যোগাসন :- (৫ম - ১২শ শ্রেণী) : ১৫/০৮/২১

তারিখ, সকাল ১০ টা

যেকোনো ৩ টি যোগাসন দেখাতে হবে।

বি: দ্র: - সাংস্কৃতিক অনুষ্ঠানে নাচ, গান, আবৃত্তি
প্রভৃতি বিষয়েও অংশগ্রহণে ইচ্ছুক ছাত্রছাত্রীদের
নাম সংশ্লিষ্ট শিক্ষক মহাশয়ের নিকট জমা দিতে
হবে।

